

REGIONAL NEWS

UNIT

ALL INDIA RADIO, AGARTALA

Date:04-09-2024

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

Assembly :

ত্রয়োদশ বিধানসভার পঞ্চম অধিবেশন আজ থেকে আগরতলায় শুরু হচ্ছে। চলবে ৬ই সেপ্টেম্বর পর্যন্ত। এই অধিবেশনে ৩টি বিল পেশ করা হবে।

P M to visit Singapore to day :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী তার সফরের দ্বিতীয় ধাপে আজ সিঙ্গাপুরে যাবেন। প্রধানমন্ত্রী মোদী সিঙ্গাপুরের ব্যবসায়ী সাম্প্রদায়ের নেতাদের সাথেও দেখা করবেন। এক বিবৃতিতে প্রধানমন্ত্রী বলেন, তিনি সিঙ্গাপুরের সঙ্গে কৌশলগত অংশীদারিত্ব বিশেষ করে উন্নত উৎপাদন, ডিজিটলাইজেশন এবং টেকসই উন্নয়নের নতুন ও উদীয়মান ক্ষেত্রে সম্পর্ক আরও গভীর করার জন্য আলোচনার অপেক্ষায় রয়েছেন। উল্লেখ্য, প্রধানমন্ত্রী শ্রী মোদী ব্রুনাই এবং সিঙ্গাপুর সফরের প্রথম ধাপে গতকাল বন্দর সিরি বেগুয়ানে গিয়ে পৌঁছান।

Bye-Election R.S :

রাজ্য থেকে রাজ্যসভার একমাত্র আসনের উপনির্বাচনে ভারতীয় জনতা পার্টির প্রার্থী রাজীব ভট্টাচার্য জয়ী হয়েছেন। রাজীব ভট্টাচার্য পেয়েছেন ৪৭টি ভোট। বিজিত প্রার্থী সিপিআই(এম) দলের সুধন দাস পেয়েছেন ১০টি ভোট।

President Draupadi Murmu :

রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মু জোর দিয়ে বলেছেন যে মহিলাদের আর্থ-সামাজিক ও শিক্ষাগত উন্নয়ন ছাড়া সম্পূর্ণরূপে দেশের অগ্রগতি বাস্তবায়িত করা যাবে না। গতকাল সন্ধ্যায় মুম্বাইতে মহারাষ্ট্র আইন পরিষদের শতবর্ষ উদযাপনের অনুষ্ঠানে রাষ্ট্রপতি মহিলাদের প্রতি দৃষ্টিভঙ্গি পরিবর্তন করার প্রয়োজনীয়তার উপর গুরুত্বারোপ করেন।

NLFT Attf :

আজ নয়্যা দিল্লিতে এন এল এফ টি, এটিটিএফ, রাজ্য কেন্দ্রীয় সরকারের মধ্যে চুক্তি স্বাক্ষরিত হবে। দুপুর আড়াইটায় কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের উপস্থিতিতে এই চুক্তি স্বাক্ষরিত হবে। উপস্থিত থাকবেন রাজ্যের মুখ্যমন্ত্রী ডাক্তার মানিক সাহা ও সাংসদ বিপ্লব কুমার দেব।

PM -JANMAN Longtorai valley :

বিশেষভাবে দুর্বল উপজাতীয় গোষ্ঠী (PVTGs) কে উন্নীত করার লক্ষ্যে লংতরাইভ্যালি মহকুমায় আজ থেকে সপ্তাহব্যাপী পিএম-জনমন প্রকল্পের অধীনে শিবির এবং সচেতনতামূলক অভিযানের আয়োজন করা হয়েছে।

মনু এবং ছামানু ব্লকে বসবাসকারী রিয়াং জন গোষ্ঠীর উন্নয়নে এই অভিযানে গুরুত্ব আরোপ করা হচ্ছে। পিএম-জনমন প্রকল্প বাস্তবায়নের কৌশল নির্ধারণের জন্য সম্প্রতি মনু আরডি ব্লকের বিএসি হলে একটি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়ে।

সপ্তাহব্যাপী অনুষ্ঠান চলাকালীন, রিয়াং সম্প্রদায়ের সদস্যরা ব্যাঙ্ক অ্যাকাউন্ট খোলা, প্রধানমন্ত্রী কিষাণ নিবন্ধন, কিষাণ ক্রেডিট কার্ড অ্যাপ্লিকেশন, প্রধানমন্ত্রী উজ্জ্বলা যোজনা গ্যাস সংযোগ,

পিআরটিসি, এসটি শংসাপত্র, আয়ের শংসাপত্র, বিবাহের শংসাপত্র এবং রেশন কার্ড ইস্যুকারার মত বিভিন্ন পরিষেবা গ্রহন করার সুযোগ পাবেন।

P M JanMan Project Dhalai :

পিএম জনমন প্রকল্পের আওতাধীন দু সপ্তাহব্যাপী ধলাই জেলা জুড়ে পিএম জনমন সিচুরেশান ক্যাম্প ও আই ই সি ক্যাম্পের আয়োজন করা হয়েছে। গতকাল ধলাই জেলার ছামনু আর ডি ব্লকের অন্তর্গত মানিকপুর কমিউনিটি হলে বিশেষ শিবির অনুষ্ঠিত হয়।

এর মধ্য দিয়ে এই ব্লক এলাকার রাজধর, দক্ষিণ মালিধর, পশ্চিম মালিধর এলাকার রিয়াং জনজাতি অংশের লোকজনেরা উপকৃত হচ্ছেন এবং তাদের আধার কার্ড, পি আর টি সি, ইনকাম সার্টিফিকেট, কাস্ট সার্টিফিকেট সহ প্রয়োজনীয় কাগজপত্র তৈরি করতে পারছেন। এর সাথে স্বাস্থ্য পরিষেবাও প্রদান করা হচ্ছে।

Brahmya Samaj :

গতকাল কৈলাসহরে বৈদিক ব্রাহ্ম সমাজ সংগঠনের প্রথম আঞ্চলিক সম্মেলন অনুষ্ঠিত হয়। এ উপলক্ষে এক বর্ণময় শোভাযাত্রা কৈলাশহরের বিভিন্ন পথ পরিক্রমা করে। এই সম্মেলনের শুরুতে সংগঠনের পতাকা উত্তোলন করেন, আগরতলা'র পৌরোহিত্য প্রশিক্ষণ কেন্দ্রের অধ্যক্ষ ভাস্কর চক্রবর্তী। সংস্থার কৈলাসহর অঞ্চলের সদস্যরা সম্মেলনে অংশ গ্রহণ করেন।

Inauguration of New Building of Revenue Office

:

আমবাসা মহাকুমার অন্তর্গত ডলুবাড়ি তহশীল অফিসের নতুন ভবনের উদ্বোধন হয় গতকাল। নবনির্মিত অফিস কক্ষের উদ্বোধন করেন আমবাসা পুর পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান গোপাল সূত্রধর। নতুন এই তহশীল অফিসটি নির্মাণ করতে ব্যয় হয় ২৮ লক্ষ টাকা।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন আমবাসা মহাকুমা শাসক সঞ্জিত দেববর্মা, কেকমা ছড়া গ্রাম পঞ্চায়েতের প্রধান রিমি শীল আমবাসা পুর পরিষদের কাউন্সিলর শিল্পী দাস দেব ডিসিএম সমীরণ রায় প্রমুখ।

CM Relief Fund :

বন্যায় ক্ষতিগ্রস্ত এলাকা ও দুর্গতদের সহায়তায় মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিল থেকে গতকাল আরও অতিরিক্ত ১০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। উল্লেখ্য, বন্যায় ক্ষতিগ্রস্ত এলাকা ও দুর্গতদের সহায়তায় মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিল থেকে ইতিপূর্বেই ২ কোটি টাকা বরাদ্দ করা হয়েছিল। রাজ্য প্রশাসন থেকে এ সংবাদ জানানো হয়েছে।

Sub-division level National Space Day :

এক অনুষ্ঠানের মাধ্যমে গতকাল জোলাইবাড়ি এম এম দ্বাদশ স্কুলে শান্তিরবাজার মহাকুমা ভিত্তিক জাতীয় মহাকাশ দিবস উদযাপন করা হয়। এই উপলক্ষে ছাত্র-ছাত্রীদের মধ্যে বক্তৃতা, কুইজ ও অংকন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

Chandra Smriti League :

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার গতরাতের খেলায় ত্রিবেণী

সংঘ জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে নৈশালোকে অনুষ্ঠিত খেলায় ত্রিবেণী সংঘ ৫-১ গোলে ফ্লেভুস ইউনিয়নকে পরাজিত করে। বিজয়ী দলের হেমাঙ্গোই জোয়লা আসরের প্রথম হ্যাটট্রিক করেন।

Weather :

আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ সাধারণত মেঘলা থাকবে। বজ্র বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি হতে পারে। আগরতলায় আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬ ডিগ্রী সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রী সেলসিয়াসের আশেপাশে থাকবে।
